মেহেরপুরের কৃতি সন্তান মো. মিল্টন হোসেন অতিরিক্ত জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি

জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি পেয়েছেন বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ২৫০ জন অতিরিক্ত জেলা ও দায়রা জজ। এই পদোন্নতির তালিকায় মেহেরপুরের কৃতি সন্তান মো. মিল্টন হোসেন স্থান পেয়েছেন। তিনি অতিরিক্ত জেলা ও দায়রা জজ (গ্রেড-২) হিসেবে পদোন্নতি পেয়েছেন।

বাংলাদেশ সুপ্রিম কোর্টের পরামর্শক্রমে আজ বুধবার আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। একই সঙ্গে পদোন্নতিপ্রাপ্ত বিচারকদের নতুন কর্মস্থলে পদায়নও করা হয়েছে।

পদোন্নতির পর বিচারক মো. মিল্টন হোসেনের নতুন কর্মস্থল নির্ধারণ করা হয়েছে অতিরিক্ত মহানগর দায়রা জজ, বরিশাল।

লালন শাহকে বিশ্ব দরবারে তুলে ধরতে কাজ করে যাচ্ছেন আবদুল হামিদ

আগামী ৩০ অক্টোবর রোববার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে প্রথমবারের মতো হতে যাচ্ছে লালন উৎসব।

জ্যামাইকা পারফরমিং আর্টস সেন্টারে অনুষ্ঠানের উদ্বোধন করবেন লোক সংগীত ও লালন গানের কিংবদন্তী শিল্পী ফরিদা পারভীন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি থাকবেন বরেণ্য বংশীবাদক গাজী আবদুল হাকিম।

সম্প্রতি নিউইয়র্কের জ্যাকসন হাইটসের একটি রেস্তোরাঁয় জনাকীর্ণ সংবাদ সম্মেলনে লালন ফকিরের ১৩২তম তিরোধান দিবসে লালন উৎসবের ঘোষণা দেন কুষ্টিয়া লালন একাডেমির আজীবন সদস্য ও লালন পরিষদ ইউএসএ’র আহ্বায়ক মো. আবদুল হামিদ।

আয়োজকেরা জানান, বর্তমান বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় মানবধর্মের অনুসারী, আধ্যাত্মিক ব্যক্তিত্ব লালন ফকিরের দর্শন, চিন্তা সর্বত্র ছড়িয়ে দেয়াই উৎসবের লক্ষ্য। অনুষ্ঠানে গান, নাচ, সেমিনার, সিম্পোজিয়াম, থিয়েটার শো, চিত্রকলা, তথ্যচিত্র ও চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে ভিন্ন আঙ্গিকে লালনকে উপস্থাপন করা হবে।

উৎসবে অতিথি হিসেবে উপস্থিত থাকবেন একুশে পদকপ্রাপ্ত সংগীতশিল্পী রথীন্দ্রনাথ রায়, বিজ্ঞানী ড. নূরুন নবী, ডা. জিয়া উদ্দিন, সংগীতশিল্পী মুক্তিযোদ্ধা তাজুল ইমাম, সাংবাদিক ও গবেষক হাসান ফেরদৌস, ডা. সারোয়ারুল হাসান চৌধুরী, ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক লিডার অ্যাট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী, কমিউনিটি বোর্ড সদস্য ডেমোক্র্যাট নেতা মোহাম্মদ এন. মজুমদার, নৃত্যশিল্পী অ্যানি ফেরদৌস, লায়ন ক্লাবের প্রেসিডেন্ট আহসান হাবিব, শাহ গ্রুপের প্রতিষ্ঠাতা শাহ জে. চৌধুরী, নাট্যব্যক্তিত্ব গার্গী মুখার্জি, গোলাম সারোয়ার হারুন ও ভারতীয় চলচ্চিত্র নির্মাতা সুমন মুখোপাধ্যায়।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন শহীদ সাংবাদিক সিরাজুদ্দিন হোসেনের ছেলে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ফাহিম রেজা নূর, উৎসবের প্রধান উপদেষ্টা বিশিষ্ট রাজনীতিক, ব্যবসায়ী ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট নূরুল আমিন বাবু, টাইটেল স্পন্সর ইন্টার্ন ইনভেস্টমেন্টের চেয়ারম্যান বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী নূরুল আজিম, আহ্বায়ক মো. আবদুল হামিদ, সমন্বয়ক গোপাল স্যানাল, স্বীকৃতি বড়ুয়া, দিনেশ চন্দ্র মজুমদার, সুখেন গমেজ ও হাসানুজ্জামান সাকী, সংগীত শিল্পী শাহ মাহবুব এবং সংস্কৃতিকর্মী ইসরাত জাহান।

‘এমন মানব সমাজ কবে গো সৃজন হবে, যেদিন হিন্দু মুসলমান বৌদ্ধ খ্রিস্টান, জাতি গোত্র নাহি রবে’ শীর্ষক দিনব্যাপী উৎসবে সবার উপস্থিতি কামনা করেছেন আয়োজকেরা।

প্রসঙ্গত, বাউল সম্রাট ফকির লালন শাহকে কে বিশ্ব দরবারে তুলে ধরার জন্য কুষ্টিয়ার কৃতি সন্তান, কুষ্টিয়া লালন একাডেমির আজীবন

সদস্য ও লালন পরিষদ ইউএসএ’র আহ্বায়ক মো. আবদুল হামিদ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।